বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা

www.bmeb.gov.bd


শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

**স্মারক নম্বর:** ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৫.২৩.৭০৯৬

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন আর্দশ এতিমখানা দ্বি-মুখী আলিম মাদ্রাসার অনুমোদিত গভার্নিং বডির সভাপতি ও সদস্যদের বিরুদ্ধে শিক্ষকদের পদোন্নতি প্রদানে ঘুষ দাবী, জ্যেষ্ঠতা লঙ্ঘণসহ তাদেরকে হয়রানি করা হচ্ছে মর্মে জীববিজ্ঞান প্রভাষক জনাব মো: এরশাদুল হক একটি অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগকৃত গভার্নিং কমিটি নির্বাচনে নিয়োগপ্রাপ্ত (প্রযোজ্য ক্ষেত্রে) প্রিজাইডিং অফিসারকে তদন্ত কর্মকর্তা হিসাবে অন্তর্ভূক্ত ব্যতিরেকে অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৭-১২-২০২৩
প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) ও রেজিস্ট্রার (০২-৫৮৬১৬৬৮১)
registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।

**স্মারক নম্বর:** ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৫.২৩.৭০৯৬/১(৭)

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
২। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উলিপুর, কুড়িগ্রাম;
৪। সুপার/ভারপ্রাপ্ত সুপার, আর্দশ এতিমখানা দ্বি-মুখী আলিম মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম;
৫। মো: এরশাদুল হক (মামলার বাদী), আর্দশ এতিমখানা দ্বি-মুখী আলিম মাদ্রাসা, উলিপুর, কুড়িগ্রাম;
৬। প্রোগ্রামার , আইসিটি শাখা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এবং
৭। পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



০৭-১২-২০২৩
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) 122671

তারিখ: ২৩/১১/২০২৩ খ্রি.

বরাবর

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,
বকশি বাজার, ঢাকা-১২১১।

দৃষ্টি আকর্ষণ: উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**বিষয়: গভর্নিং বডির সভাপতি ও কতিপয় সদস্য কর্তৃক পদোন্নতি প্রদানে ঘুষ দাবি, জ্যেষ্ঠতা লঙ্ঘন, শিক্ষক হয়রানি ও বিবিধ অভিযোগ প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ এরশাদুল হক, প্রভাষক (জীববিজ্ঞান) আদর্শ এতিমখানা দ্বি-মুখী আলিম মাদ্রাসা উলিপুর, কুড়িগ্রাম। উল্লেখ্য যে, আমি 'সহকারী অধ্যাপক' পদে প্রাপ্যতা অনুযায়ী যোগ্যতা অর্জন করায় বিগত ০১/০৯/২০২২ খ্রি. তারিখে উক্ত পদের জন্য অধ্যক্ষ বরাবর আবেদন করি **(সংযুক্তি: ০১)**। উক্ত বিষয়ে গভর্নিং বডির সভাপতি মহোদয় আমিসহ উচ্চতর স্কেল/পদোন্নতি প্রত্যাশী কতিপয় শিক্ষকের নিকট ঘুষ দাবী এবং গ্রহণও করেন **(সংযুক্তি: ০২)**। এরই মধ্যে বিগত ০২/০৫/২০২৩ খ্রি. তারিখে জ্যেষ্ঠতা লঙ্ঘন করে আমার অধস্তন এবং ৬ষ্ঠ অবস্থানে থাকা জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, প্রভাষক (গণিত)-কে "সহকারি অধ্যাপক" হিসেবে রেজুলেশানকরতঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উলিপুর, কুড়িগ্রাম বরাবর প্রতিস্বাক্ষরের জন্য প্রেরণ করেন। বিষয়টি আমি জানতে পেরে ঐ দিনই (০২/০৫/২০২৩ খ্রি.) এতদবিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মহোদয় বরাবর এবং ১৫/০৬/২০২৩ খ্রি. তারিখে উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম মহোদয় বরাবর পৃথক ০২ টি অভিযোগ দাখিল করি **(সংযুক্তি: ০৩)**। উক্ত অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার মহোদয় ১৮/০৬/২০২৩ খ্রি. তারিখে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মহোদয়কে তদন্তের নির্দেশ দেন এবং তদন্ত কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মহোদয় গত ২৬/০৭/২০২৩ খ্রি. তারিখে সরেজমিনে তদন্তের চিঠি ইস্যু করেন **(সংযুক্তি: ০৪)**। কিন্তু সভাপতি মহোদয়ের অসুবিধা থাকায় উক্ত তদন্তকার্য গত ০২/০৮/২০২৩ খ্রি. তারিখে মাদ্রাসার অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। তদন্তে সকল তথ্য ও উপাত্ত যাচাই পূর্বক উক্ত পদে আমার প্রাপ্যতা থাকায় তদন্ত কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মহোদয় আমাকে 'সহকারি অধ্যাপক' হিসেবে পদোন্নতি প্রদানের জন্য সুপারিশ করেন। অতঃপর ঐ দিনই (০২/০৮/২০২৩ খ্রি.) অধ্যক্ষ মহোদয় সহ কোরাম সংখ্যক (১৩ জনের মধ্যে ০৮ জন) সদস্যের উপস্থিতিতে রেজুলেশানকরতঃ স্বাক্ষর প্রদান করলেও সভাপতি মহোদয় এতে প্রতিস্বাক্ষরের জন্য ২,০০,০০০/- (দুইলক্ষ) টাকা ঘুষ দাবী করেন, অন্যথায় উক্ত রেজুলেশানে স্বাক্ষর করবেন না মর্মে আমাকে এবং অধ্যক্ষ মহোদয়কে জানিয়ে দেন **(সংযুক্তি: ০৫)**। বিষয়টির প্রতিকারের জন্য গত ০৭/০৮/২০২৩ খ্রি. তারিখে উক্ত অধ্যক্ষ মহোদয় সহ আমি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মহোদয়কে বিষয়টির প্রতিকার চেয়ে পুনরায় অভিযোগ করি (মৌখিকভাবে)। এ প্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মহোদয় গত ১৩/০৮/২০২৩ খ্রি. তারিখে পুনরায় সরেজমিনে তদন্তের চিঠি ইস্যু করেন এবং উক্ত তারিখে মাদ্রাসার অফিস কক্ষে সকল শিক্ষক-কর্মচারী এবং গভর্নিং বডির সভাপতিসহ অন্যান্য সদস্যবৃন্দের উপস্থিতিতে তদন্তকার্য সম্পন্ন করেন **(সংযুক্তি: ০৬)**। পরবর্তীতে ২০/০৮/২০২৩ খ্রি. তারিখে তদন্ত কর্মকর্তা কর্তৃক উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম মহোদয় বরাবর প্রেরিত তদন্ত প্রতিবেদনে উপরোল্লিখিত অভিযোগের সত্যতা প্রমাণিত হয় **(সংযুক্তি: ০৭)**। উল্লিখিত ঘটনাবলীর পরিপ্রেক্ষিতে আমি বিগত ১১/০৯/২০২৩ খ্রি. তারিখে পদোন্নতির বিষয়ে সভাপতি কর্তৃক ঘুষ দাবী ও শিক্ষা প্রতিষ্ঠানে বিবিধ হয়রানি সংক্রান্ত মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর একটি অভিযোগ করি **(সংযুক্তি: ০৮)**। উক্ত অভিযোগের প্রেক্ষিতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে সেদিন'ই (১১/০৯/২৩খ্রি.) অধ্যক্ষ এবং সভাপতি মহোদয়কে বিষয়টি সমাধানের জন্য টেলিফোনে নির্দেশ প্রদান করেন। অতঃপর অধ্যক্ষ মহোদয় উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ পালনের নিমিত্তে সভাপতি মহোদয়কে বিষয়টি সমাধানের জন্য বার বার অনুরোধ করে আসছিলেন। এতে সভাপতি মহোদয় অধ্যক্ষ মহোদয়ের উপর রাগান্বিত হয়ে পূর্ববর্তী কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এবং ব্যাকডেট অর্থাৎ ২৭/০৮/২০২৩ খ্রি. তারিখ ব্যবহার করে বিগত ১৭/০৯/২০২৩ খ্রি. তারিখে অধ্যক্ষ মহোদয়কে স্বপদ হইতে সাময়িক বরখাস্তের নোটিশ প্রদান করেন **(সংযুক্তি: ০৯)**। এতদবিষয়ে অধ্যক্ষ মহোদয় বিগত ২১/০৯/২০২৩ খ্রি. এবং ০৯/১০/২০২৩ খ্রি. তারিখে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর পৃথক দুটি অভিযোগ দাখিল করেন **(সংযুক্তি: ১০)**। ইতিমধ্যে সভাপতি মহোদয় আবারও জ্যেষ্ঠতা লঙ্ঘন করে অত্র মাদ্রাসার ইসলামের ইতিহাস বিষয়ের প্রভাষক ও এমপিও শীটে (জ্যেষ্ঠতানুযায়ী) ৪র্থ অবস্থানে থাকা জনাব মোঃ নজির হোসেন-কে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে নিয়োগ প্রদান করেন **(সংযুক্তি: ১১)**; যা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে প্রকাশিত ০৮/১১/২০২৩ খ্রি. তারিখের প্রজ্ঞাপন পরিপন্থি **(সংযুক্তি: ১২)**। এতদবিষয়ে অধ্যক্ষ মহোদয় বিগত ১৪/১১/২০২৩ খ্রি. তারিখে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর একখানা অভিযোগ দাখিল করেন **(সংযুক্তি: ১৩)**। অতঃপর অধ্যক্ষ মহোদয় বিগত ৩১/১০/২০২৩ খ্রি. তারিখে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর থেকে একখানা কারণ দর্শানোর নোটিশ পেয়ে **(সংযুক্তি: ১৪)** সভাপতি মহোদয়কে তা অবহিত করেন এবং আমার পদোন্নতির জন্য পুনরায় অনুরোধ করিলে সভাপতি মহোদয় এটাকে ভুয়া নোটিশ দাবী করেন! এভাবে মাসের পর বছর পেরিয়ে গেলেও আমার হতভাগার ভাগ্যে জুটছে না সেই কাঙ্খিত পদোন্নতি!

এমতাবস্থায়, মহোদয় সমীপে আমার আকুল আবেদন, উল্লিখিত অভিযোগ সংশ্লিষ্ট বিষয়ের সকল তথ্য-উপাত্ত যাচাই-বাছাইপূর্বক উক্ত গভর্নিং বডির সভাপতি সাহেবের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে মহোদয়ের সদয় মর্জি হয়।

**সংযুক্তি: বর্ণনা মোতাবেক।**

বিনীত

(মোঃ এরশাদুল হক)
প্রভাষক(জীববিজ্ঞান)
আদর্শ এতিমখানা দ্বি-মুখী আলিম মাদ্রাসা
উলিপুর, কুড়িগ্রাম।
মোবাঃ ০১৭১৭-৯২৮৩৯১